DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Nov 2026, 04:20 PM

ধর্ম

আজ দুর্গাষষ্ঠী, ছয় দিনের দুর্গোৎসব শুরু

প্রতিবেদক: alamin dhakaprobe
প্রকাশের তারিখ: শুক্রবার, ১৬ অক্টোবর ২০২৬, ০৯:৪৫ AM



সনাতন ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা শুরু হচ্ছে আজ শুক্রবার (১৬ অক্টোবর)। আজ দুর্গাষষ্ঠী। মহাষষ্ঠীর অধিবাসের মধ্য দিয়ে শুরু হবে এবারের দুর্গোৎসব। আগামী বুধবার (২১ অক্টোবর) বিজয়া দশমী পর্যন্ত ছয় দিন পূজামণ্ডপগুলোতে চলবে উৎসবের আয়োজন।

প্রচলিত নিয়মে মহাষষ্ঠী থেকে বিজয়া দশমী পর্যন্ত পাঁচ দিন দুর্গাপূজা উদ্‌যাপিত হয়। তবে এ বছর মহাসপ্তমীর তিথি দুদিন পড়ায় দুর্গোৎসব চলবে ছয় দিন।

সূচি অনুযায়ী, আগামী শনিবার মহাসপ্তমী এবং রোববার অধিক পূজার মহাসপ্তমী পালিত হবে। সোমবার উদ্‌যাপিত হবে মহাষ্টমী ও কুমারী পূজা। মঙ্গলবার মহানবমী শেষে বুধবার বিজয়া দশমী ও প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হবে এবারের দুর্গোৎসব।

এবার দেবী দুর্গা আসছেন ঘোড়ায় চড়ে। বিদায় নেবেন নৌকায়। হিন্দু শাস্ত্রমতে, শ্বশুরবাড়ি কৈলাস থেকে কন্যারূপে দেবী দুর্গা আজ মর্ত্যে বাপের বাড়িতে আসছেন।

পুরাণের বর্ণনা অনুযায়ী, অসুর শক্তির কাছে পরাভূত হয়ে দেবতারা স্বর্গ থেকে বিতাড়িত হয়েছিলেন। অশুভ শক্তিকে বিনাশ করতে একত্র হন দেবতারা। অসুর শক্তির বিনাশের জন্য তখন আবির্ভূত হন মহাশক্তি দেবী দুর্গা। দেবতাদের তেজরশ্মি থেকে জন্ম নেন অসুরবিনাশী এই দেবী।

বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদের তথ্য অনুযায়ী, এ বছর দেশে রেকর্ডসংখ্যক মণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। সারা দেশে মোট ৩৩ হাজার ৮৫১টি মণ্ডপে পূজার আয়োজন করা হয়েছে। গত বছরের তুলনায় এবার মণ্ডপের সংখ্যা বেড়েছে ৪৯৬টি।

তবে ঢাকা মহানগরে রাস্তার ওপর পূজার আয়োজনের অনুমতি না পাওয়ায় মণ্ডপের সংখ্যা কমেছে। গত বছরের তুলনায় এবার তিনটি মণ্ডপ কমে দাঁড়িয়েছে ২৫৮টিতে।

এ বিভাগের আরও খবর



ইসলামে যে ৪ ধরনের উপহার দেওয়া-নেওয়া নিষিদ্ধ
ইসলামী সমাজব্যবস্থায় উপহার আদান-প্রদান পারস্পরিক ভালোবাসা, সৌহার্দ্য ও সম্প্রীতি বৃদ্ধির অন্যতম মাধ্যম। উপহারের মাধ্যমে মানুষের মধ্যে সম্পর...



নেক সন্তান আল্লাহর শ্রেষ্ঠ নেয়ামত, যেভাবে গড়বেন
ইসলামে নেক সন্তানকে মহান আল্লাহর অন্যতম শ্রেষ্ঠ নেয়ামত হিসেবে গণ্য করা হয়েছে। কোরআন ও হাদিসের নির্দেশনা অনুযায়ী, সন্তান দুনিয়ার সৌন্দর্য...



মহানবী (সা.)-এর অনন্য মর্যাদা ও শ্রেষ্ঠত্বের ১৬টি প্রমাণ

ইসলামে মহানবী হজরত মুহাম্মাদ (সা.)-এর মর্যাদা ও সম্মান অপরিসীম। তিনি সর্বশেষ নবী ও রাসুল। পবিত্র কোরআন ও হাদিসে তাঁর বিশেষ মর্যাদা, অনন্য বৈশ...



একা পশু জবাই করলে মাংস খাওয়া কি হালাল? জানালেন শায়খ আহমাদুল্লাহ

গোশত মানুষের প্রিয় খাবার। ইসলামে নির্দিষ্ট শর্তে বিভিন্ন হালাল প্রাণীর গোশত খাওয়ার অনুমতি রয়েছে। তবে পশু জবাইয়ের ক্ষেত্রে একাধিক ব্যক্তি থাক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/religion/aj-durgashshthi-chhy-diner-durgotsb-shuru